



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/মাদারীপুর-৭২/১৪২২/১৬

তারিখঃ ১৫.০৯.২০১৯খ্রিঃ

বিষয়ঃ শুনানীতে অংশগ্রহণের জন্য স্ব-স্ব দাবীর পক্ষে লিখিত বক্তব্য ও কাগজপত্রসহ বোর্ডে উপস্থিত হওয়া প্রসঙ্গে।

সূত্রঃ ১। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-প্রশা/৩১৭৭/৭নথি নং মাদারীপুর-৭২; তারিখ: ৩১/১২/২০১৮।
২। টেকেরহাট আলহেরা মহিলা দাখিল মাদ্রাসার স্মারক নং-টেআমদামা-০৪ (২০১৯); তারিখ: ১৪/০২/২০১৯।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, মাদারীপুর জেলার রাইজের উপজেলাধীন টেকেরহাট আল হেরা মহিলা দাখিল মাদ্রাসার সুপারকে মাদ্রাসার সহকারী মৌলভী দাবীদার জনাব মো: মনিরুল ইসলাম এর পক্ষে ডিমান্ড নোটিশের বিষয়ে ব্যাখ্যা প্রদান করার জন্য সূত্রোক্ত ০১ (এক) নং স্মারকের মাধ্যমে সুপারকে পত্র দেয়া হয়। সুপার জবাবে জনাব মো: মনিরুল ইসলামকে ব্যক্তিগত সহকারী হিসেবে কাজ করেছেন মর্মে দাবী করে জবাব প্রদান করেন। সুপার কিভাবে ব্যক্তিগত সহকারী হিসেবে জনাব মো: মনিরুল ইসলামকে নিয়োগ দিয়েছেন, কোন ধরনের অফিসিয়াল কাজ করানো হয়েছে এবং কেন প্রতিষ্ঠানে শিক্ষক কর্মরত থাকা সত্ত্বেও তাকে দিয়ে ক্লাস এবং ব্যক্তিগত কাজ করানো হয়েছে সে বিষয়ের কোন ব্যাখ্যা প্রদান করেননি।


১। বর্ণিত অবস্থায় সৃষ্ট জটিলতা নিরসনকল্পে অত্র বোর্ডে সকল পক্ষের মুখোমুখি শুনানী গ্রহণ করার জন্য গত ০৩/০৯/২০১৯ ইং রোজ মঙ্গলবার সকাল: ১০:০০ ঘটিকায় বোর্ডে উপস্থিত হয়ে শুনানীতে অংশ গ্রহণ পূর্বক স্ব-স্ব দাবির পক্ষে লিখিত বক্তব্য ও সমর্থনীয় কাগজপত্র দাখিল করার জন্য অনুরোধ করা হলেও প্রয়োজনীয় কাগজপত্র দাখিল না করায় উক্ত বিষয়ের ওপর সিদ্ধান্ত গ্রহণ সম্ভব হয়নি।

২। এমতাবস্থায়, “Notice Demand Justice” এ উল্লেখিত জটিলতা নিরসনকল্পে অত্র বোর্ডে সকল পক্ষের মুখোমুখি শুনানী গ্রহণ করার জন্য আগামী ২৫/০৯/২০১৯ ইং রোজ বুধবার সকাল ১০:০০ ঘটিকায় বোর্ডে উপস্থিত হয়ে শুনানীতে অংশ গ্রহণ পূর্বক নিম্নলিখিত কাগজপত্র দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

- ১৯৯৯-২০০০ সালের সকল নিয়োগপত্র;
- যোগদানপত্র;
- নিয়োগপত্রের মূল নম্বর ফর্দ;
- পত্রিকার বিজ্ঞপ্তি;
- রেজুলেশনের মূল বই;
- এমপিওভুক্ত মামলার হাইকোর্ট বিভাগের রায়;
- রিট পিটিশনের আর্জি (সংযুক্তিসহ);
- এমপিও সংক্রান্ত আপীল বিভাগে দায়েরকৃত মামলার পেপারবুক;
- জনাব দেলোয়ার হোসেনের নিয়োগ;
- যোগদান উক্ত বিষয়ের রেজুলেশন এর মূল কপি।

বিষয়টি অতীব জরুরী

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে



মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮



প্রাপক:

- সুপার, টেকেরহাট আল-হেরা মহিলা দাখিল মাদ্রাসা
ডাকঘর: খালিয়া, উপজেলা: রাইজের, জেলা: মাদারীপুর।
- মো: মনিরুল ইসলাম, টেকেরহাট আল-হেরা মহিলা দাখিল মাদ্রাসা
ডাকঘর: খালিয়া, উপজেলা: রাইজের, জেলা: মাদারীপুর।
- জনাব মো: দেলোয়ার হোসেন, সহকারী মৌলভী,
টেকেরহাট আল-হেরা মহিলা দাখিল মাদ্রাসা,
ডাকঘর: খালিয়া, উপজেলা: রাইজের, জেলা: মাদারীপুর।

অবগতি:

- পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
- অফিস কপি।



মোঃ ওমর ফারুক
উপ রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন: ৯৬৭৪৮৭৪